

হানাফিয়্যাহ কী? হানাফিয়্যাহ বলতে কি বুঝায়?

হানাফিয়্যাহ শব্দের অর্থ- খালিস বা খাঁটি বা বিশুদ্ধ। শারী‘য়াতে ইছলামিয়্যাহর পরিভাষায় ইবরাহীম عليه السلام এর মিল্লাত বা তাঁর অনুসৃত দ্বীনকে হানাফিয়্যাহ বলা হয়। আর ইবরাহীম عليه السلام এর মিল্লাত বা তাঁর অনুসৃত দ্বীন হলো- খাঁটি মনে একনিষ্ঠভাবে এক আল্লাহর ‘ইবাদাত করা এবং অন্য কাউকে বা কোন কিছুকে আল্লাহর (ﷻ) সাথে বিন্দুমাত্র শরীক বা অংশীদার না করা।

মোটকথা, ‘ইবাদাতকে আল্লাহর (ﷻ) জন্য খাঁটি বা খালিস করা এবং ‘ইবাদাতে পরিপূর্ণরূপে আল্লাহর (ﷻ) একত্ব অক্ষুন্ন রাখাই হলো হানাফিয়্যাহ।

প্রতিটি মানুষের এ কথা জেনে রাখা অবশ্য কর্তব্য যে, পবিত্রতা অর্জন ব্যতীত যেমন নামায শুদ্ধ হয় না এবং সেই নামাযকে নামায-ই বলা যায় না, তেমনি তাওহীদ (আল্লাহর একত্ব প্রতিষ্ঠা ও অক্ষুন্ন রাখা) ব্যতীত কোন ‘ইবাদাত-ই শুদ্ধ হয় না এবং তাওহীদ ব্যতীত কোন ‘ইবাদাতই আল্লাহর ‘ইবাদাত বলে গণ্য হয় না।

যতক্ষণ পর্যন্ত ‘ইবাদাতকে আল্লাহর (ﷻ) জন্যে খালিস করা না হবে, ‘ইবাদাতে আল্লাহর নিখাঁদ একত্ব প্রতিষ্ঠা করা না হবে, অর্থাৎ পরিপূর্ণরূপে তাওহীদ প্রতিষ্ঠা করা না হবে, ততক্ষণ পর্যন্ত তা আল্লাহর ‘ইবাদাত বলে গণ্য হবে না।

পবিত্রতা ভঙ্গ বা বিনষ্টকারী কোনকিছু যেমন নামাযকে বিনষ্ট করে দেয়, তেমনি আল্লাহর একত্বের (তাওহীদের) বিপরীত ও পরিপন্থি বিষয়; শির্ক (আল্লাহর সাথে অন্য কাউকে শরীক করা) ঈমান, ইছলাম এবং ‘ইবাদাতকে বাতিল ও বিনষ্ট করে দেয়।

একারণেই হানাফিয়্যাহ বা বিশুদ্ধ তাওহীদ-ই হলো দ্বীনে ইছলামের সকল ভিত্তির প্রধান ও মূল ভিত্তি।